দর্শনায় বিএনপি’র ঐতিহাসিক গণ-অভ্যুত্থানের বর্ষপূর্তিতে বিজয় মিছিল

সারা দেশের ন্যায় জুলাই গণ-অভ্যুত্থানের বর্ষপূর্তি উদযাপন উপলক্ষে সারাদেশে বিজয় র্যালীর আয়োজন করেছে বিএনপি। ছাত্র জনতার ঐক্যবদ্ধ আন্দোলনে আওয়ামী ফ্যাসিবাদের পতন ঘটে। এই ঐতিহাসিক ঘটনার এক বছর পূর্তিতে দর্শনা থানা ও পৌর বিএনপি’র উদ্যোগে পৃথক পৃথক ভাবে ঐতিহাসিক গণ-অভ্যুত্থানের বর্ষপূর্তিতে বিজয় মিছিল ও গণ-জমায়েত অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বিকাল সাড়ে ৩ টার দিকে দর্শনা ডাকবাংলা চত্বর থেকে দর্শনা পৌর বিএনপি’র অঙ্গসংগঠনের উদ্যোগে ২০২৪ -এর ঐতিহাসিক গণ-অভ্যুত্থানের বর্ষপূর্তিতে গণ-জমায়েত ও বিজয় মিছিল অনুষ্ঠিত হয়। এ মিছিলটি দর্শনা শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে দর্শনা বাসস্ট্যান্ড চৌরাস্তার মোড়ে গণ-জামায়েত অনুষ্ঠিত হয়।

এ গণ-জমায়েতে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন, দর্শনা পৌর বিএনপি’র প্রধান সমন্বয়ক হাবিবুর রহমান বুলেট। এ সময় তিনি বলেন, জুলাই গণ-অভ্যুত্থানের ধারাবাহিকতায় ৫ই আগষ্ট আওয়ামী ফ্যাসিবাদের পতন ঘটে। এই ঐতিহাসিক ঘটনার ১ বছর পূর্তিতে দলটি এ দিবসটিকে বিজয়ের প্রতিক হিসেবে দেখছে। এ সময় আরও দর্শনা পৌর বিএনপি’র সমন্বয়ক শরিফ উদ্দীন, মমিনুল ইসলাম, শফিউল আজম তোতা, লুৎফর, আজিজুল হক, হারিজ উদ্দীন লাভলু, নাজিম আহমেদ, মোঃ ফেরদৌস আলম মন্টু, দর্শনা পৌর যুব দলের আহ্বায়ক মোঃ ফারুক হোসেন, দর্শনা থানা যুবদলের যুগ্ম আহবায়ক, মোঃ আব্দুল্লাহ আল মামুন (রিংকু), মিতুল, সুলতান, দর্শনা পৌর কৃষকদলের হাতেম আলী, রমিজ শাহরুল চুয়াডাঙ্গা জেলা ছাত্রদলের যুগ্মসাধারণ সম্পাদক, আলতাফ হোসেন, চুয়াডাঙ্গা জেলা ছাত্রদলের সহ-সভাপতি, জাকির হোসেন সামাউল, সোহেব আক্তার শাফায়েত জামান পাপ্পু, আসিফ হাসান।

অপর দিকে দর্শনা থানা বিএনপি’র উদ্যোগে ছাত্র জনতার ঐতিহাসিক গণ-অভ্যুত্থানের বর্ষপূর্তিতে বিজয় র্যালী অনুষ্ঠিত হয়েছে। এই বিজয় র্যালীটি দর্শনা বাস স্ট্যান্ড চৌরাস্তার মোড় থেকে দর্শনা রেল বাজার মুক্ত মঞ্চে এসে শেষ হয়। পরে দোয়া মাহফিল ও আলোচনা

সভা অনুষ্ঠিত হয়। আলোচনা সভা ও দোয়া মাহফিলে সভাপতিত্ব করেন দর্শনা থানা বিএনপি’র সভাপতি বীর মুক্তিযোদ্ধা খাজা আবুল হাসনাত। এ সময় বক্তব্য রাখেন, দর্শনা থানা বিএনপি’র সাধারণ সম্পাদক সাবেক চেয়ারম্যান আহম্মেদ আলী, বেগমপুর ইউনিয়ন এর সাবেক সভাপতি শেখ আসলাম আলী, মদনা ইউনিয়ন বিএনপি’র সভাপতি আজিজুল হক, সাধারণ সম্পাদক শফিউল্লাহ শফি আরও নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

অপর দিকে বিকেল সাড়ে ৫ টায় দর্শনা পৌর বিএনপি’র সমন্বয়ক আলহাজ্ব মশিউর রহমান এর নেতৃত্বে ছাত্র জনতার ঐতিহাসিক গণ-অভ্যুত্থানের বর্ষপূর্তিতে গণ-জমায়েত ও বিজয় মিছিল অনুষ্ঠিত হয়।

দামুড়হুদায় মহান বিজয় দিবস উপলক্ষে বিএনপির বিজয় মিছিল অনুষ্ঠিত

দামুড়হুদায় মহান বিজয় দিবস উপলক্ষে বিএনপির বিজয় মিছিল অনুষ্ঠিত হয়েছে। আজ সোমবার সকাল ১১ টার সময় দামুড়হুদা উপজেলা বিএনপি সহ অঙ্গসংগঠন ও সহযোগী অঙ্গসংগঠনের আয়জনে এক বর্নাঢ্য বিজয় মিছিল অনুষ্ঠিত হয়।

এসময় বিএনপির বিজয় মিছিলে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা বিএনপির সভাপতি মনিরুজ্জামান মনির, সাধারণ সম্পাদক রফিকুল হাসান তনু, যুগ্ম সম্পাদক মন্টু মিয়া, সাংগঠনিক সম্পাদক প্রভাষক আবুল হাসেম, সদর বিএনপির সভাপতি আব্দুর রহিম, সাধারণ সম্পাদক আনছার আলী, দামুড়হুদা উপজেলা স্বেচ্ছাসেবক দলের আহবায়ক একরামুল হক, সদস্য সচিব জাকির হোসেন, যুগ্ম আহবায়ক রকিবুল হাসান তোতা, উপজেলা যুবদলের আহবায়ক মাহবুবুর রহমান বাচ্চু, সদস্য সচিব মাহফুজুর রহমান মিল্টন, যুগ্ম আহবায়ক আরিফুল ইসলাম আরিফ, জনি, উপজেলা ছাত্র দলের আহবায়ক আফজালুর রহমান সবুজ, সিনিয়র যুগ্ন আহবায়ক ইনজামামুল হক সহ উপজেলার বিভিন্ন ইউনিয়ন থেকে আগত বিএনপি ও তার সহযোগী অঙ্গ সংগঠনের অসহযোগ অঙ্গ সংগঠনের অসংখ্য নেতা কর্মী বৃন্দ উপস্থিত ছিলেন।

দামুড়হুদা উপজেলা বিএনপি’র আয়োজনে বিজয় মিছিল অনুষ্ঠিত

দেশব্যাপী মানুষের উচ্ছাসের যেনো শেষ নেই। আওয়ামীলীগ সরকার পতন হওয়ায় দামুড়হুদা উপজেলা বিএনপি ও তার অঙ্গসংগঠনের আয়জনে বিশাল এক বিজয় মিছিল অনুষ্ঠিত হয়েছে। গতকাল মঙ্গলবার সকাল ১১ টার দিকে দামুড়হুদা বিএনপি’র অস্থায়ী কার্যালয়ের সামনে থেকে মিছিলটি বের হয়ে দামুড়হুদার প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে।

দামুড়হুদা উপজেলা বিএনপি’র সর্বস্তরের নেতাকর্মী ও অগণিত সাধারণ মানুষের বাঁধ ভাঙ্গা উল্লাসে বিজয় মিছিলে হাজার হাজার সাধারণ মানুষ অংশ গ্রহণ করে।

এ সময় উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা বিএনপি’র সভাপতি মনিরুজ্জামান মনির, সাধারণ সম্পাদক রফিকুল হাসান তনু, সিনিয়র সহ-সভাপতি আব্দুল ওয়াহেদ, যুগ্ম সাধারণ সম্পাদক মন্টু মিয়া, সাংগঠনিক সম্পাদক প্রফেসর আবুল হাসান, উপজেলা যুবদলের আহ্বায়ক মাহবুবুর রহমান বাচ্চু, যুগ্ম আহবায়ক আরিফুল ইসলাম আরিফ, যুগ্ম আহবায়ক সেলিম উদ্দিন, সদস্য সচিব মাহফুজুর রহমান মিল্টন, যুগ্ন সাধারন সম্পাদক সেলিম উদ্দিন, যুবদল নেতা মাহফুজুর রহমান জনি, ছাত্রদলের সভাপতি আফজালুর রহমান সবুজ, সদস্য সচিব এম ডি কে সুলতান, স্বেচ্ছাসেবক দলের সভাপতি ইকরামুল হোসেন, সদস্য সচিব জাকির হোসেন ইউনিয়ন বিএনপির সভাপতি আব্দুর রহিম, সাংগঠনিক সম্পাদক গোলাম কবির, বিএনপি নেতা জামাল, সোনা, আলিম মেম্বার হামিদ মেম্বার, বিল্লাল হোসেন আলিফ খান, দেলোয়ার হোসেন, আশরাফুল, আজাদ, জাহাঙ্গীর, বকুল, সেলিম উদ্দিন, হাউলী ইউনিয়ন যুবদলের অন্যতম নেতা আরিফুল ইসলাম সহ উপজেলার বিভিন্ন ইউনিয়ন থেকে আসা বিএনপি যুবদল স্বেচ্ছাসেবক দল ছাত্রদল ও এলাকার সচেতন মহল বিজয় মিছিলে উপস্থিত ছিলেন।

দামুড়হুদায় বাংলাদেশ জামায়াতে ইসলামী’র আয়োজনে বিজয় মিছিল

স্বাধীন বাংলাদেশে শেখ হাসিনার পদত্যাগে বাংলাদেশ আবার নতুন করে স্বাধীন হলো। মুখরিত মুহুর মুহুর স্লোগানে দামুড়হুদায় বাংলাদেশ জামায়াতে ইসলামী’র আয়োজনে বিজয় মিছিল ও শুকরানা নামাজ অনুষ্ঠিত হয়েছে।

আজ মঙ্গলবার সকাল সাড়ে ১০ টার সময় উপজেলার শেখ রাসেল মিনি স্টেডিয়াম মাঠে শুকরানা নামাজ অনুষ্ঠিত হয়। নামাজ শেষে বিজয় মিছিল উপজেলার প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে।

শুকরানা নামাজ ও বিজয় মিছিলে প্রধান অতিথি’র বক্তব্য রাখেন বাংলাদেশ জামায়াতে ইসলামী চুয়াডাঙ্গা জেলা আমির মো: রুহুল আমিন। আরও বক্তব্য রাখেন দামুড়হুদা থানা বিএনপি’র সভাপতি মনিরুজ্জামান মনির, সাধারণ সম্পাদক তনু, জেলা নায়েবে আমির মাওঃ মো: আজিজুর রহমান, জেলা সেক্রেটারী এ্যাডঃ আসাদুজ্জামান দামুড়হুদা উপজেলা আমির মো: নায়েব আলী, উপজেলা নায়েবে আমির মো: নজরুল ইসলাম, উপজেলা সেক্রেটারী মাও মো: আব্দুল গফুর, উপজেলা সহকারী সেক্রেটারী মো: রফিকুল ইসলাম জিয়া, দামুড়হুদা ইউনিয়ন আমির মো: আবুল বাশার, হাউলী ইউনিয়ন আমির মো: ওবায়দুর রহমান, কার্পাসডাঙ্গা ইউনিয়ন আমির মো: আব্দুর রশিদ, নাটুদা ইউনিয়ন আমির, মাওঃ ফজলুল হক, চুয়াডাঙ্গা জেলা শিবিরের সভাপতি মহশিন আলী।

এছাড়াও উপস্থিত ছিলেন মাওঃ আবু হানিফা, মো: মুহসিন আলী, এখতিয়ার রহমান শামসুজ্জুহা মাওঃ আব্দুল খালেক, মো: ইসমাঈল হোসেন, মো: আব্দুল গাফফার, মো: আবুস সাত্তার মো: হাবিবুর রহমান, মো: শামসুল ইসলাম, এ্যাড হাসিবুল ইসলাম সহ জামায়াতের বিভিন্ন পর্যায়ের নেতা কর্মীরা উপস্থিত ছিলেন। অনুষ্ঠান পরিচালনা করেন উপজেলা সহকারী সেক্রেটারী মো: আবেদ উদ্দোলা।